

শেখ হাসিনার দিনবদলে
সমাজসেবা এগিয়ে চলে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ



স্মারক নং- ৪১.০১.৩৬০০.০০১.১৮.০১৬.০১.১০৬

তারিখ: ১৪ মার্চ, ২০২০

বিষয়: প্রবেশন অফিসারের কার্যালয়, হবিগঞ্জ তালা বন্ধ থাকার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রবেশন অফিসারের কার্যালয়, হবিগঞ্জ বিগত ২২ মার্চ ২০২০ খ্রি: হতে অদ্য ২৪ মার্চ ২০২০ খ্রি: তারিখ পর্যন্ত তালা বন্ধ রয়েছে এবং উক্ত কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারী কর্মস্থলে বিনা অনুমতিতে ও কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে অনুপস্থিত রয়েছেন। এর ফলশ্রুতিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন দুঃসাধ্য বা অসম্ভব হয়ে পড়েছে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষমিগ্রস্থ হচ্ছেন, তেমনি সরকারি কাজের গতিও শ্লথ হচ্ছে। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

উল্লেখ্য ইতোপূর্বে প্রবেশন অফিসার, জনাব নিপুন রায় কে জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং-৪১.০১.৩৬০০.০০১.২৭.০৪০.১৯- ১৩৩ তারিখ ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ যোগে ছুটি মঞ্জুর ব্যতিরেকে কর্মস্থল ত্যাগের কারণ দর্শানোর লিখিত জবাব চেয়ে পত্র দেয়া হয়। সে প্রেক্ষিতে তাহার নিকট হতে জবাব পত্র পাওয়া যায়। একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তার নিকট হতে পত্রে এনুপ ভাষা ব্যবহার হাতাশাব্যঞ্জক (জবাবের কপি সংযুক্ত)।

(মো: হাখিবুর রহমান)

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

হবিগঞ্জ

ফোন: ০৮৩১-৬৩৫২৬

ই-মেইল: dso.habigonj@gmail.com

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
সাগরদিঘীর পাড়, সিলেট।

বিতরণ:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

০৩। অফিস।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
প্রবেশন কর্মকর্তার কার্যালয়, হবিগঞ্জ।

অফিস নং: ১৫৫৬ তারিখ: ১৬/০৬/২০২০
সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর:
শাখা: ...

স্মারক নং-৪১.০১.৩৬০০.০৩৯.২০.০০১.১৬- ১৭

বিষয়ঃ কর্মস্থল ত্যাগের কারণ ব্যাখ্যা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, জেলা সমাজসেবা কার্যালয় হবিগঞ্জ এর স্মারক নং ৪১.০১.৩৬০০.০০১.২৭.০৪০.১৯.১৩৩ তারিখ নং ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ যোগে প্রাপ্ত পত্র অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর ছুটির দিনে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে যা সত্যের কাছাকাছি নয়। মহোদয়কে সপ্তাহের শুরুতেই মৌখিকভাবে জানানো হয়েছিল যে নিম্নস্বাক্ষরকারীর মা অত্যন্ত অসুস্থ। সপ্তাহের শেষে তাকে চিকিৎসকের নিকটে নিয়ে যাওয়ার বিশেষ প্রয়োজন। কিন্তু কর্মব্যস্ততার কারণে পরবর্তীতে মহোদয় তা বিস্মৃত হন। উল্লেখ্য যে, নিম্নস্বাক্ষরকারী প্রবেশন অফিসারের কার্যালয় হবিগঞ্জ ও সরকারি শিশু পরিবার (বালক) হবিগঞ্জ মত দুইটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর ইউনিটের সকল দায়দায়িত্ব ও কার্যবলি অত্যন্ত সুচারুভাবে নিয়মিত সম্পাদন করছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ ও নির্দেশসমূহ নিয়মিত যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে এবং কর্তব্যকাজে কোন ধরনের অবহেলা নিম্নস্বাক্ষরকারীর কাছে ভাবনার অতীত।


১৬/০৬/২০২০
(নিপুন রায়)

প্রবেশন কর্মকর্তা
প্রবেশন কর্মকর্তার কার্যালয়,
হবিগঞ্জ

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়,
হবিগঞ্জ।

AD
বাবা মন্ডলবন্দু
বিহলীচ পঞ্চদশ
বৃহস্পতি ১৬/০৬/২০২০
জমদ্বীপ
কর্তন

হোম
বৃত্তি
শিশু
সংস্কার
সংস্কার